



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০১.১৪-১০৪২

তারিখ: ২১ আষাঢ় ১৪৩০
০৫ জুলাই ২০২৩

বিষয়: ঝিনাইদহ পৌরসভার প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ আছাদুজ্জামান এর বিরুদ্ধে ভ্যাট, আয়কর সরকারি কোষাগারে জমা প্রদান না করে অর্থ আত্মসাৎ, চেক জালিয়াতি এবং দুর্নীতির মাধ্যমে অবৈধ সম্পদের মালিক হওয়ার অভিযোগ।


- সূত্র : ১. ঝিনাইদহ পৌরসভার স্মারক ঝিঃপৌঃ/প্রশা/২০২১/২৯৬, তারিখ: ২৭ জুন ২০২১;
২. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০১.১৪.৬৭৮, তারিখ: ১২ আগস্ট ২০২১;
৩. জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ এর স্মারক ০৫.৪৪.৪৪০০.০০৭.০৭.০১৫.২২-৫৬৪, তারিখ: ২৭ জুলাই ২০২২;
৪. সমন্বিত জেলা কার্যালয়, ঝিনাইদহ এর স্মারক ০০.০১.৪৪০০.৭৩৬.০২.০০২.২৩.৫৯০, তারিখ: ২২ মে ২০২৩;
৫. জনাব মোঃ তোফাজ্জল হোসেন ও অন্যান্যগণ কর্তৃক দাখিলকৃত অভিযোগ, তারিখ: নাই।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ পৌরসভার প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ আছাদুজ্জামান এর বিরুদ্ধে ভ্যাট, আয়কর সরকারি কোষাগারে জমা প্রদান না করে আত্মসাৎ করা, পৌরসভার চেক জালিয়াতি ও দুর্নীতির মাধ্যমে অবৈধ সম্পদের মালিক হওয়া এবং চাকুরিরত অবস্থায় ইউনিয়ন পরিষদের নির্বাচনে অংশগ্রহণের জন্য মনোনয়ন পত্র গ্রহণের অভিযোগ দাখিল করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। উল্লেখ্য, ২০২২ সালে ঝিনাইদহ পৌরসভার মেয়র কর্তৃক উক্ত কর্মচারীর বিরুদ্ধে পৌরসভার চেক জালিয়াতি করে ২৮.০০ লক্ষ টাকা অর্থ আত্মসাৎের অভিযোগ পাওয়া গিয়েছিল (কপি সংযুক্ত)। অভিযোগটি সরেজমিন তদন্তের জন্য উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ-কে দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু, সূত্র ৩ নং স্মারকে প্রেরিত তদন্ত প্রতিবেদনে অন্যান্য কর্মচারীর সংশ্লিষ্টতা উল্লেখ করা হলেও জনাব মোঃ আছাদুজ্জামান সংশ্লিষ্টতা বা দায়-দায়িত্ব ছিল কিনা, এ বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করা হয়নি (কপি সংযুক্ত)। উল্লেখ্য, উক্ত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে একই পৌরসভার অপর দুইজন কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান রয়েছে।

৩। এমতাবস্থায়, জনাব মোঃ আছাদুজ্জামান, প্রশাসনিক কর্মকর্তা, ঝিনাইদহ পৌরসভা এর বিরুদ্ধে ভ্যাট, আয়কর সরকারি কোষাগারে জমা প্রদান না করে আত্মসাৎ করা, পৌরসভার চেক জালিয়াতি ও দুর্নীতির মাধ্যমে অবৈধ সম্পদের মালিক হওয়া এবং চাকুরিরত অবস্থায় ইউনিয়ন পরিষদের নির্বাচনে অংশগ্রহণের জন্য মনোনয়ন পত্র গ্রহণের অভিযোগ পুনরায় তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lqpaura1@lgd.gov.bd

পরিচালক

স্থানীয় সরকার

বিভাগীয় কমিশনারের কার্যালয়

খুলনা

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
- মেয়র, ঝিনাইদহ পৌরসভা, ঝিনাইদহ
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)